রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুন ১০, ২০০৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ জ্যৈষ্ঠ ১৪১৫ বঙ্গাব্দ/০৯ জুন ২০০৮ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ১৪৪-আইন/২০০৮।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা গণগ্রন্থাগার অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;



**মূল্য ঃ** টাকা ১০.০০

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়", "স্বীকৃত বোর্ড", "স্বীকৃত প্রতিষ্ঠান" বা "স্বীকৃত ইনস্টিটিউট" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড, প্রতিষ্ঠান বা ইনস্টিটিউটকে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড, প্রতিষ্ঠান বা ইনস্টিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নেবিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয় ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) এতদুদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড, অথবা ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত ।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি সহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারি চাকরি কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন ।

৫ । **পদোন্নতির মাধ্যমে নিয়োগ** ।—(১) এতদুদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচনী কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী বা ৩য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে ।

(২) যদি কোন ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না ।

৬ । **শিক্ষানবিস** ।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসী স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবিদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসী মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে, যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয় ।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসী মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকরির অবসান ঘটাইতে পারিবে;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসী মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসী মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে, উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে নিয়োগপ্রাপ্ত পদে স্থায়ী করিবে, এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন স্থায়ী পদে স্থায়ী করা যাইবে না, যতক্ষণ না সরকারি আদেশবলে সময়ে সময়ে যে বিভাগীয় পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ**।—(১) Officers and Employees (Public Libraries under the Sports and Cultural Division) Recruitment Rules, 1983, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত Rules এর অধীন যে সকল কর্মকর্তা এবং কর্মচারী নিয়োগপ্রাপ্ত হইয়াছেন এবং কর্মরত আছেন তাহারা এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন এবং তাহাদের চাকরির শর্তাবলি এই বিধিমালার অধীন পরিচালিত হইবে।

(৩) উক্ত Rules এর অধীন অনিষ্পন্ন কাজ এই বিধিমালার অধীন, যতদূর সম্ভব, নিষ্পন্ন করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, উক্তরূপে নিষ্পন্ন করা সম্ভব না হইলে উক্ত কার্যাদি উক্ত Rules এর ধারাহিকতায় পরবর্তী এক বৎসরের মধ্যে এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত Rules বিলুপ্ত হয় নাই।

**তফসিল**

**[বিধি-২(খ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | চিফ লাইব্রেরিয়ান (পরিচালক) | - | পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে<br>সমপদমর্যাদার সরকারি কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। | প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপ-পরিচালক)/ প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপ-পরিচালক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ২। | (ক) প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপ-পরিচালক)<br>(খ) প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম- উপ-পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে<br>সমপদমর্যাদার সরকারি কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। | সিনিয়র লাইব্রেরিয়ান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>অথবা<br>এই বিধিমালা জারির পূর্বে কর্মরত সিনিয়র লাইব্রেরিয়ান, সহকারী পরিচালক, লাইব্রেরিয়ান/ সহকারী পরিচালক এবং লাইব্রেরিয়ান পদে যুগ্মভাবে অথবা এককভাবে ১০ (দশ) বৎসরের চাকরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩। | সিনিয়র লাইব্রেরিয়ান | ৩৫ বৎসর । | পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে<br>সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সহকারী পরিচালক, লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক, লাইব্রেরিয়ান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান অথবা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে অন্যূন ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বছরমেয়াদী অন্যূন ১ম শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি। তৎসহ কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের গ্রন্থাগারে ১ম শ্রেণীর পদে ৫ (পাঁচ) বৎসর চাকরির অভিজ্ঞতা।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান অথবা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে অন্যূন ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বছরমেয়াদী অন্যূন ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি। তৎসহ কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের গ্রন্থাগারে ১ম শ্রেণীর পদে অন্যূন ৭ (সাত) বৎসর চাকরির অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪। | (ক) সহকারী পরিচালক<br><br>(খ) লাইব্রেরিয়ান/ সহকারী পরিচালক<br><br>(গ) লাইব্রেরিয়ান | ৩০ বৎসর। | (ক) ৩৩.৩% পদ পদোন্নতির মাধ্যমে।<br><br>(খ) ৬৬.৬% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br><br>সহকারী লাইব্রেরিয়ান/প্রশাসনিক কর্মকর্তা বা সহকারী লাইব্রেরিয়ান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br><br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান অথবা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে অন্যূন ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বছর মেয়াদী অন্যূন ১ম শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি।<br><br>**অথবা**<br><br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান অথবা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে অন্যূন ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বছর মেয়াদী অন্যূন ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি। তৎসহ সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫। | পরিসংখ্যান কর্মকর্তা | ৩০বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে পরিসংখ্যান বা গণিত বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বছর মেয়াদী অন্যূন ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কম্পিউটার প্রোগ্রামিং এ সার্টিফিকেট প্রাপ্ত। |
| ৬। | সহকারী লাইব্রেরিয়ান/ প্রশাসনিক কর্মকর্তা | ৩০বৎসর। | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>জুনিয়র লাইব্রেরিয়ান পদে অন্যূন ৫(পাঁচ) বৎসর চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান অথবা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে অন্যূন ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বছর মেয়াদী অন্যূন ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৭। | মেইনটেনেন্স সুপারভাইজার | ৩০বৎসর। | পদোন্নতির মাধ্যমে।<br>পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>মেকানিক/ অপারেটর পদে অন্যূন ৫(পাঁচ) বৎসর চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত পলিটেকনিক্যাল ইনস্টিটিউট হইতে মেকানিক্যাল, পাওয়ার বা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা।<br>(খ) যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ কাজে অভিজ্ঞতাসম্পন্ন। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৮। | সহকারী লাইব্রেরিয়ান | ৩০বৎসর। | (ক) ৫০%পদ পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>জুনিয়র লাইব্রেরিয়ান পদে অন্যূন ৫(পাঁচ) বৎসর চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান অথবা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে অন্যূন ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বছর মেয়াদী অন্যূন ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৯। | কম্পিউটার অপারেটর | ৩০বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে স্নাতক ডিগ্রি।<br>(খ) বিজ্ঞান বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।<br>(গ) ২(দুই) বছরের অভিজ্ঞতাসম্পন্ন বিভাগীয় ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটরদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।<br>(ঘ) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এ্যাপটিটিউট টেস্টে উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১০। | জুনিয়র লাইব্রেরিয়ান | ৩০বৎসর। | (ক) ১৫% পদ পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৮৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>টেকনিক্যাল এ্যাসিসট্যান্ট (ক্যাটালগার), টেকনিক্যাল সহকারী (ক্যাটালগার), এবং টেকনিক্যাল সহকারী পদে অন্যূন ৫(পাঁচ) বৎসর চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে অন্যূন ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) গ্রন্থাগার বিজ্ঞান অথবা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা<br>(গ) কোন সরকারি বা আধা-সরকারি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে ৩(তিন) বৎসরের কাজের অভিজ্ঞতা। |
| ১১। | (ক) টেকনিক্যাল এ্যাসিসটেন্ট (ক্যাটালগার)<br>(খ) টেকনিক্যাল সহকারী (ক্যাটালগার)<br>(গ) টেকনিক্যাল সহকারী | ৩০ বৎসর। | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) রিডিং হল এ্যাসিসটেন্ট (খ) লাইব্রেরী এ্যাসিসটেন্ট (রিডিং হল এ্যাসিসটেন্ট) (গ) পাঠকক্ষ সহকারী (ঘ) রেফারেন্স সহকারী (ঙ) রেফারেন্স এ্যাসিসটেন্ট (চ) পাঠকক্ষ সহকারী-কাম-রেফারেন্স সহকারী পদে অন্যূন ৫(পাঁচ) বৎসর চাকরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি ।<br>(খ) গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা ।<br>(গ) কোন সরকারি বা আধা-সরকারি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে ২(দুই) বৎসরের কাজের অভিজ্ঞতা । |
| ১২ । | (ক) স্টেনোগ্রাফার<br>(খ) সাঁটলিপিকার | ৩০বৎসর । | সরাসরি নিয়োগের মাধ্যমে । | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে অন্যূন ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে বাংলায় ৫০ ও ইংরেজিতে ৮০ শব্দের গতিসম্পন্ন হতে হবে ।<br>(গ) টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতিসম্পন্ন হতে হবে ।<br>(ঘ) কম্পিউটার অপারেটিং এ এ্যাপটিটিউট পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে । |
| ১৩ । | (ক) প্রধান সহকারী/ উচ্চমান সহকারী<br>(খ) উচ্চমান সহকারী<br>(গ) প্রধান সহকারী | ৩০বৎসর । | পদোন্নতির মাধ্যমে । তবে পদোন্নতির জন্য কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে । | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) কেয়ার টেকার (খ) এল.ডি কাম-টাইপিস্ট বা নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে অন্যূন ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রি। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে । |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৪। | (ক) রিডিংহল এ্যাসিসটেন্ট<br>(খ) লাইব্রেরী এ্যাসিসটেন্ট (রিডিংহল এ্যাসিসটেন্ট)<br>(গ) পাঠকক্ষ সহকারী<br>(ঘ) রেফারেন্স সহকারী<br>(ঙ) রেফারেন্স এ্যাসিসটেন্ট<br>(চ) পাঠকক্ষ সহকারী-কাম-রেফারেন্স সহকারী | ৩০ বৎসর। | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>লাইব্রেরী এ্যাসিসটেন্ট, লাইব্রেরী সহকারী পদে অন্যুন ৫(পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাস।<br>(খ) কোন সরকারি বা আধা সরকারি প্রতিষ্ঠানে এ কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ১৫। | মেকানিক/ অপারেটর | ৩০ বৎসর। | পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতির জন্য কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ইলেকট্রিশিয়ান পদে অন্যূন ৫(পাঁচ) বৎসর চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) সরকার অনুমোদিত কোন কারিগরি ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স সম্পন্ন।<br>(গ) ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি মেরামত, রক্ষণাবেক্ষণ ও পরিচালনার ক্ষেত্রে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৬। | ডাটা এন্ট্রি অপারেটর | ৩০বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি/সার্টিফিকেট সম্পন্ন;<br>(গ) কম্পিউটার অপারেটিং এ এ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ। |
| ১৭। | ক) একাউনটেন্ট<br>খ) হিসাব রক্ষক | ৩০বৎসর। | পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতির জন্য কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>একাউন্টস এ্যাসিসটেন্ট, ক্যাশিয়ার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে অন্যূন বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে হিসাবরক্ষণ কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ১৮। | ক) লাইব্রেরী এ্যাসিসটেন্ট<br>খ) লাইব্রেরী সহকারী | ৩০বৎসর। | (ক) ২০% পদ পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতির জন্য কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>(খ) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>বুক সর্টার (এমএল এস এস), এম এল এস এস (বুকসর্টার), বুকসর্টার পদে অন্যূন ৫ বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্সসম্পন্ন। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৯। | (ক) এল.ডি কাম-টাইপিষ্ট<br>(খ) নিম্মান সহকারী কাম-মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর। | (ক) ২৫% পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতির জন্য কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>(খ) ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজিতে ২৮ শব্দের গতি থাকা সাপেক্ষে ডেসপাচ রাইডার এবং এম এল এস এস পদ হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজিতে ২৮ শব্দের গতি সম্পন্ন হতে হবে।<br>(গ) কম্পিউটার অপারেটিং এ এ্যাপটিটিউড টেষ্টে উত্তীর্ণ হতে হবে। |
| ২০। | একাউন্টস এ্যাসিসট্যান্ট | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি |
| ২১। | ক্যাশিয়ার | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২২। | কেয়ার টেকার | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৩। | ইলেকট্রিশিয়ান | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কোন স্বীকৃত কারিগরি ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স সম্পন্ন।<br>(গ) বিদ্যুৎ লাইসেন্স বোর্ড হইতে অন্যূন 'সি' শ্রেণীর লাইসেন্সসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ২৪। | (ক) ড্রাইভার<br>(খ) গাড়িচালক | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন এস এস সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সরকারি Motor Vehical Ordinance, 1983 এর বিধান অনুসারে ভারী ও হাল্কা মটর যান চালনায় লাইসেন্স প্রাপ্ত।<br>(গ) গাড়ি চালনায় ১ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ২৫। | হেলপার/ এটেনডেন্ট | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন এস এস সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কোন স্বীকৃত কারিগরি ইনস্টিটিউট হইতে ট্রেড কোর্স সম্পন্ন। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৬। | (ক) বুকসর্টার (এমএলএসএস)<br>(খ) এম এল এস এস (বুকসর্টার)<br>(গ) বুকসর্টার | ৩০ বৎসর। | (ক) ২০% পদ পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) বাইন্ডার (খ) বাইন্ডার (এম এল এস এস), (গ) এম এল এস এস (ঘ) গেইট কীপার (এম এল এস এস), (ঙ) এম এল এস এস (ক্লীনার),(চ) নাইট গার্ড, (ছ) এম এল এস এস/ নাইট গার্ড, (জ)এম এল এস এস কাম-নাইট গার্ড, (ঝ) দারোয়ান, (ঞ) ফরাস, (ট) চেক পোষ্ট প্রহরী, (ঠ) চেক পোষ্ট এটেনড্যান্ট, (ড) ক্লীনার, (ঢ) নৈশ প্রহরী, (ণ) নৈশপ্রহরী/নাইটগার্ড, (ত) নৈশপ্রহরী/ দারোয়ান পদে অন্যূন ৫(পাঁচ) বৎসর চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৭। | ডেসপাচ রাইডার | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন এস এস সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সরকারি Motor Vehical Ordinance, 1983 এর বিধান অনুসারে লাইসেন্স প্রাপ্ত।<br>(গ) মোটর সাইকেল চালনায় অন্যূন ১ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৮। | (ক) বাইন্ডার (এম এল এস এস) | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| | (খ) বাইন্ডার | | | (খ) বই বাঁধাই কাজে ১ বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ২৯। | এম এল এস এস | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩০। | (ক) গেইট কীপার (এম এল এস এস)<br>(খ) এম এল এস এস (ক্লীনার)<br>(গ) নাইট গার্ড<br>(ঘ) এম এল এস এস/ নাইট গার্ড<br>(ঙ)এম এল এস এস কাম-নাইট গার্ড<br>(চ) দারোয়ান<br>(ছ) ফরাস<br>(জ) চেক পোষ্ট প্রহরী<br>(ঝ) চেক পোষ্ট এটেনড্যান্ট<br>(ঞ) ক্লীনার<br>(ট) নৈশ প্রহরী<br>(ঠ) নৈশপ্রহরী/নাইটগার্ড<br>(ড) নৈশপ্রহরী/ দারোয়ান | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে<br>অথবা<br>বহিস্থ কোন উৎস (Out sourcing) হইতে চুক্তিভিত্তিক নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩১। | মালী | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে<br>**অথবা**<br>বহিস্থ কোন উৎস (Out sourcing) হইতে চুক্তিভিত্তিক নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাস এবং সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ৩২। | সুইপার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে<br>**অথবা**<br>বহিস্থ কোন উৎস (Out sourcing) হইতে চুক্তিভিত্তিক নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাস এবং সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ নাসির উদ্দিন খান**
যুগ্ম-সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখ্‌তার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।